

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে আন্তর্জাতিক কর্ণার উদ্বোধন ও সমঝোতা স্মারক স্বাক্ষর**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক কর্ণার উদ্বোধন ও সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (১৫ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টারে আন্তর্জাতিক কর্ণারের উদ্বোধন এবং উপাচার্যের কার্যালয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। পৃথকভাবে অনুষ্ঠানমালার আয়োজন করে নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টার।

আন্তর্জাতিক কর্ণারের মাধ্যমে ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের বিভিন্ন অর্জন ছড়িয়ে দিতে এবং শিক্ষা ও সহযোগিতার ক্ষেত্রে একটি স্বচ্ছ ধারণা এবং শিক্ষার্থীদের উৎসাহ প্রদানের জন্য এ কর্ণারের উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। যেখানে ইন্টারন্যাশনাল কোলাবোরেশন অফিসার আবু জুবায়ের কর্তৃক বিশ্বের বিভিন্ন দেশ থেকে সংগৃহীত ও শিক্ষক-কর্মকর্তাদের প্রদানকৃত ১০০ টিরও বেশি স্যুভেনির স্থান পাবে। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা ও ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টারের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান সিদ্দিকীসহ শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

অন্যদিকে পৃথক অনুষ্ঠানে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ও তুরস্কের সাকারিয়া ইউনিভার্সিটি অব এপ্লায়েড সায়েন্স এর সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। এদিন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। সাকারিয়া ইউনিভার্সিটি অব এপ্লায়েড সায়েন্স এর পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর প্রফেসর ড. মেহমেত সারিবইয়াক। এসময় নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন, এপ্লায়েড ম্যাথমেটিক্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টারের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান সিদ্দিকী, প্রক্টর এ.এফ.এম আরিফুর রহমান ও ইন্টারন্যাশনাল কোলাবোরেশন অফিসার আবু জুবায়ের উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪